গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০২১-২২ অর্থ বছরে এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের চলমান কার্যক্রমের নভেম্বর, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ডিসেম্বর, ২০২১ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোঃ আতিকুল হক
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ০২ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।

সময় : সকাল ১০:৩০টা।

স্থান : সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট ‘ক’।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

**০২। অতঃপর এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতির বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| **১। Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMDMRPA) Program Administration**<br><br>মেয়াদঃ ০১ আগস্ট ২০১৩ হতে ৩০ জুন ২০২৩।<br>মোট বরাদ্দ: ৩৫০০৮.০০ লক্ষ টাকা<br><br>**জনাব মোঃ জামাল হোসেন (উপসচিব)**<br>**প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>মোবাঃ ০১৭১১-২৬৯৬১৮<br>pdsnsp15@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৫৪৫০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৫০.০০; প্র:সা: ৫৪০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৪৭৩.৩৭; জিওবি ১০.৫৬; প্র:সা: ৪৬২.৮১ হার ৮.৬৯%। প্রকল্প পরিচালক বলেন, এ টু আই আদর্শ নেটওয়ার্ক স্থাপনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ফ্লোরা লিঃ ইতোমধ্যে ২য় বারের মত সময় চেয়ে পত্র দাখিল করেছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। ভাষানচরে EGPP+ বাস্তবায়নে World Bank সম্মত হয়েছে। প্রকল্প পরিচালক আরো বলেন, কক্সবাজারে EGPP+ কর্মসূচির উপকারভোগী যাচাইয়ের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান সুশীলন চুক্তি মোতাবেক সঠিকভাবে দায়িত্বপালন করছেনা। সভাপতি এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং সরেজমিনে যাচাই করে প্রতিবেদন প্রদানের পরামর্শ প্রদান করেন। সভাপতি আরো বলেন, এ টু আই আদর্শ নেটওয়ার্ক | ১। এ টু আই আদর্শ নেটওয়ার্ক স্থাপনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২। ভাষাণচরে EGPP+ কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে World Bank এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। কক্সবাজারে EGPP+ কর্মসূচির উপকারভোগী যাচাইয়ের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান সুশীলন চুক্তি মোতাবেক সঠিকভাবে দায়িত্বপালন না করার বিষয়টি সরেজমিনে যাচাই করে প্রতিবেদন প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | স্থাপনে পদক্ষেপ গ্রহণসহ EGPP+ কর্মসূচির বিষয়ে World Bank এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | | |
| **২। উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)**<br><br>মেয়াদঃ জুলাই ২০১৬ হতে জুন ২০২২ (সংশোধিত)<br>মোট বরাদ্দ: ১.০০ লক্ষ টাকা<br><br>**জনাব অঞ্জন চন্দ্র পাল**<br>**(যুগ্ম সচিব)**<br>**প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>মোঃ ০১৭১৮০৬৬৭২৫<br>anjoncpaul@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ১.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ১.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ০.০০; হার ০.০০%। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেটের সংকট রয়েছে। সভাপতি বলেন, পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র প্রকল্প (৩য় পর্যায়) অন্তর্ভুক্তির স্বার্থে যথাদ্রুত বর্তমান প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে। | ১। পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র প্রকল্প (৩য় পর্যায়) অন্তর্ভুক্তির স্বার্থে যথাদ্রুত বর্তমান প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে।<br><br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **৩। আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ**<br><br>মেয়াদঃ জুলাই ২০১৫ থেকে এপ্রিল ২০২২।<br>মোট বরাদ্দ: ১২৫১২.০০ লক্ষ টাকা<br><br>**জনাব মোঃ আব্দুল মান্নান**<br>**(উপসচিব)**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাইল: ০১৯২৩৬৩৭৮৩৯,<br>urban.ddm2022@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৫০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ২৮০.০০, প্র:সা: ৪৭২০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ৪৪.৫৩, প্র:সা: ৫১.২৩; মোট: ৯৫.৭৬; হার ১.৯২%। প্রকল্পের মেয়াদ অক্টোবর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি প্রক্রিয়াধীন রয়েছে। টিইডি কর্মসূচি পুণরায় চালুর নিমিত্ত ToR তৈরি করা হয়েছে; সম্মতির জন্য তা UNDP-র নিকট প্রেরণ করা হবে। ডিডিএম ভবনের বিদ্যুতের ওয়্যারিং এর জন্য World Bank এর সম্মতি পাওয়া গিয়েছে। এ বিষয়গুলো অন্তর্ভূক্ত করে আরডিপিপি প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে। সভাপতি বলেন, সংশ্লিষ্ট UN Agency গুলোর সম্মতি নিয়ে যথাদ্রুত আরডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণে করতে হবে। | ১। সংশ্লিষ্ট UN Agency গুলোর সম্মতি নিয়ে দ্রুত আরডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণে করতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **৪। বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)**<br><br>মেয়াদ: জুলাই ২০১৮ হতে জুন ২০২২<br>মোট বরাদ্দ: ১৫০৭৪৩.০০ লক্ষ টাকা<br><br>জনাব মোঃ তাসারফ হোসেন ফরাজী<br>(যুগ্ম সচিব) | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৩৮৫০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩৮৫০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১২১১০.০২; হার ৩১.৪৫%। বর্তমান অর্থবছরে ইতোমধ্যে ২০টি আশ্রয়কেন্দ্রের জন্য চুক্তি স্বাক্ষর করা হয়েছে; ২০টি আশ্রয়কেন্দ্রের দরপত্রের | ১। মানিকগঞ্জে নির্মাণাধীন বন্যা আশ্রয়কেন্দ্রসহ প্রকল্পের আওতায় নির্মাণাধীন সকল বন্যা আশ্রয়কেন্দ্র সরেজমিনে দেখে ভূল-ভ্রান্তির বিষয়ে প্রকল্প পরিচালক প্রতিবেদন দিবেন।<br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ | প্রকল্প পরিচালক। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| pdfloodshelter3@ddm.gov.bd | ৭০টি আশ্রয়কেন্দ্রের দরপত্র আহ্বান করা যাবে। সভাপতি বলেন, কাজের গুণগত মান বজায় রেখে বর্তমান অর্থ বছরে সর্বোচ্চ সংখ্যক আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে। | ৩। কাজের গুণগত মান বজায় রেখে বর্তমান অর্থবছরে সর্বোচ্চ সংখ্যক আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে। | |
| **৫। Disaster Risk Management Enhancement Project(Component 2 &3) (Funded by JICA)**<br><br>মেয়াদঃ এপ্রিল ২০১৭ হতে জুন ২০২১<br>মোট বরাদ্দ: ৬২০২২.০০ লক্ষ টাকা<br><br>**জনাব সুব্রত পাল চৌধুরী**<br>**(যুগ্ম সচিব)**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাইল : ০১৭১৫-১৩৭৭১১<br>subrata.5766@yahoo.com | প্রকল্প.পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ২০৬০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩২০০.০০; প্র:সা: ১৭৪০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ৪৩.৯১; প্র:সা: ৪০৭.৪৯; মোট ৪৫১.৪০ হার ২.১৯%। সভাপতি বলেন, এ অর্থবছরে বরাদ্দকৃত সমূদয় টাকা খরচ করতে হবে অথবা আরএডিপি প্রণয়নের পূর্বেই উদ্বৃত্ত টাকা সমর্পণ করতে হবে। | ১। এ অর্থবছরে বরাদ্দকৃত সমূদয় টাকা খরচ করতে হবে অথবা আরএডিপি প্রণয়নের পূর্বেই উদ্বৃত্ত টাকা সমর্পণ করতে হবে।<br><br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **৬। জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ**<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২২<br>মোট বরাদ্দ: ১২৭৪১.০০ লক্ষ টাকা<br><br>**জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার**<br>**(যুগ্ম-সচিব)**<br>**প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>মোবাইল: ০১৬৮৭-৩৮৩৮২২<br>poddernishchinta@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৫০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৫০০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৭৯২.৬০; হার ১৫.৮৫%। নরসিংদী ও কক্সবাজারের Layout কার্যক্রম সম্পন্ন হয়েছে; সুনামগঞ্জে জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন। ঢাকা ও চট্টগ্রামে ০৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণে অনুমোদনের বিষয়টি পরিকল্পনা কমিশনে বিবেচনাধীন। সভাপতি বলেন, প্রকল্পের আওতাধীন যে সকল ত্রাণ গুদামের Air Conditioner-এর বিষয়ে অভিযোগ রয়েছে তা পরিবর্তন করে চুক্তি মোতাবেক সঠিক ব্র্যান্ডের Air Conditioner প্রতিস্থাপন করতে হবে। এছাড়া মধ্যবর্তী মূল্যায়ন কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | ১। প্রকল্পের আওতাধীন যে সকল ত্রাণ গুদামের Air Conditioner-এর বিষয়ে অভিযোগ রয়েছে তা পরিবর্তন করে চুক্তি মোতাবেক সঠিক ব্র্যান্ডের Air Conditioner প্রতিস্থাপন করতে হবে। এছাড়া মধ্যবর্তী মূল্যায়ন কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **৭। National Resilience Programme (Department of Disaster Management Part)**<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২২<br>মোট বরাদ্দ : ৩০১৮.১৩ লক্ষ টাকা | প্রকল্প পরিচালক এর পক্ষে প্রকল্প ব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৫৬৪.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩৩.০০; প্র:সা: ৫৩১.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ৭.৭৭, প্র:সা: | ১। আরটিএপিপি এর (২য় সংশোধনী) অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই | প্রকল্প পরিচালক। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| **জনাব আবু সালেহ মোঃ মহিউদ্দিন খাঁ**<br>**(যুগ্ম-সচিব)**<br>**প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>মোবাঃ ০১৭১৫-০০১৫০৫<br>mohiuddin2001@yahoo.com | ২৪৬.৪৪ মোট: ২৫৪.২১; হার ৪৫.০৭%। আরটিএপিপি এর (২য় সংশোধনী) অনুমোদনের জন্য ২৯/১১/২০২১ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, আরটিএপিপি এর (২য় সংশোধনী) অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে। | |
| **৮। মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন**<br><br>মেয়াদঃ জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর ২০২১, পর্যন্ত।<br>মোট বরাদ্দ ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা<br><br>**জনাব মোঃ জানে আলম**<br>**(যুগ্ম-সচিব)**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাইল : ০১৭২৬-৯৫৫৫২২<br>pd.mujibkilla@ddm.gov.bd | প্রকল্প পরিচালক এর পক্ষে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৩০০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩০০০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩০০৫.৮৬; হার ১০.০২%।<br><br>সভাপতি বলেন, ঠিকাদারকে বাস্তব কাজের ভিত্তিতে চলতি বিল দিতে হবে। মুজিব কিল্লা ব্যবহার সংক্রান্ত নীতিমালার খসড়ার বিষয়ে ডিডিএম'র সকল পর্যায়ের কর্মকর্তাদের মতামত সংগ্রহ করে খসড়া চূড়ান্ত করতে হবে। | ১। ঠিকাদারকে বাস্তব কাজের ভিত্তিতে চলতি বিল দিতে হবে।<br>২। মুজিব কিল্লা ব্যবহার সংক্রান্ত নীতিমালার খসড়ার বিষয়ে ডিডিএম'র সকল পর্যায়ের কর্মকর্তাদের মতামত সংগ্রহ করে খসড়া চূড়ান্ত করতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **৯। গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)**<br><br>মেয়াদঃ জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২২<br>মোট বরাদ্দ: ৩৩৪৭২৩.৭২ লক্ষ টাকা<br><br>**জনাব দীপক রঞ্জন অধিকারী**<br>**(অতিরিক্ত সচিব)**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাঃ ০১৭১৮-৬৫৬১৬৬<br>dipakad5775@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৫৭৯৯৬.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৫৭৯৯৬.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৯৯৭৭.৬৩; হার ৩৪.৪৫%। প্রকল্পের অগ্রগতির স্বার্থে দ্রুত দরপত্র আহ্বানের নিমিত্ত ইতোমধ্যে সারা দেশের সব উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রকল্প তালিকা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, এ অর্থ বছরে বরাদ্দকৃত সমূদয় টাকা ব্যয় করতে হবে। | ১। এ অর্থ বছরে বরাদ্দকৃত সমূদয় টাকা ব্যয় করতে হবে।<br><br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে। | প্রকল্প পরিচালক। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| **১০। গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ**<br><br>মেয়াদ: জানুয়ারী ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত।<br>মোট বরাদ্দ: ৬৫৭৮২০.০০ লক্ষ টাকা<br><br>**মোঃ আব্দুল্লাহ আল-মামুন**<br>**(যুগ্ম-সচিব)**<br>**প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>মোবাঃ ০১৭৫৯-১২৫৫০০<br>mamun6692@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ৩৫০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩৫০০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩৪৬৭.২৫; হার ৯.৯১%। নির্বাচিত ১১০ (একশত দশ) টি স্থানে অনুমোদন গ্রহণপূর্বক ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ০৭-১২-২০২১ তারিখে দরপত্র দাখিল করা হবে। সভাপতি, সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের ভিত্তিতে যথার্থতা অনুযায়ী ব্রীজ নির্মাণের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, চলতি অর্থ বছরে প্রকল্পের বিপরীতে বরাদ্দকৃত সমুদয় টাকা খরচের বিষয়ে এখনই যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের ভিত্তিতে যথার্থতা অনুযায়ী ব্রীজ নির্মাণের উপর গুরুত্বারোপ করতে হবে।<br><br>২। চলতি অর্থ বছরে প্রকল্পের বিপরীতে বরাদ্দকৃত সমুদয় টাকা খরচের বিষয়ে এখনই যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক। |
| **১১। "ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প (৩য় পর্যায়)"**<br><br>মেয়াদ: নভেম্বর, ২০২০ হতে ৩০ অক্টোবর, ২০২৩<br>মোট বরাদ্দ: ২২৭৫৯৯.১০ লক্ষ টাকা<br><br>**জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম**<br>**(যুগ্ম সচিব)**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাঃ ০১৭৩২৪-৪২৩৬০<br>wahidulislam66@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) মোট: ১৫০০০.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ১৫০০০.০০; নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩০.৮৫; হার ০.২১%। প্রকল্পটি নতুন প্রকল্প হিসেবে চলমান রয়েছে। সভাপতি বলেন, প্রকল্পের গাড়ী ভাড়ার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। প্রকল্পের গাড়ী ভাড়ার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে। | প্রকল্প পরিচালক। |

০৩। ২০২০-২১ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকাঃ

| ক্র/নং | প্রকল্পের নাম | প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | বজ্রপাতের ফলে সৃষ্ট প্রাণহানী থেকে জনগণকে সুরক্ষা প্রদানের জন্য দেশব্যাপী বজ্রনিরোধক কাঠামো স্থাপন প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪) | ৩৫৪ | ৪৪৭০০.০০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের সম্ভাব্যতা জরীপ যাচাই কার্যক্রম চলমান রয়েছে। |
| ০২। | বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) (জানুয়ারী ২০২১-ডিসেম্বর ২০২৪) | ৩৫৫ | ২৯৯৫.০০ | পরিকল্পনা কমিশন হতে পর্যালোচনাসহ ডিপিপিটি ফেরত আসার প্রেক্ষিতে প্রকল্পের যৌক্তিকতা উল্লেখ করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে পূণরায় পত্র প্রেরণ করা হয়েছে। |

৫০

০৪। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকা নিয়ে আলোচনা হয়:

| ক্র/ নং | প্রকল্পের নাম | প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | হাওর ঝুঁকি ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪) | ১০৬ | ১৬৬৬৪৪.০০ | গত ২৩/০৮/২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। |

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোনঃ ৮৮৩৫৪৯৫
dg@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০২.২০(অংশ-১)-৪২২ তারিখঃ ডিসেম্বর ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMoDMR) Program Administration, ভেঞ্চার টাওয়ার, মহাখালী, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, Disaster Risk Management Enhancement Project (Funded by JICA), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম পার্ট, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, Construction of multipurpose Cyclone Shelters in the coastal belt of Bangladesh (2nd Phase), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোনবন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, National Resilience Programme (Department of Disaster Management Part), ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
১৩। প্রোগামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৪। জনাব ..........................................................................................
১৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭/১২/২০২১

(মোহাম্মদ হারুন অর রশিদ)
(উপসচিব)
উপপরিচালক (পরিকল্পনা)
ফোনঃ ৯৮৫৯৬৩১
r.harun1986@gmail.com